

16/5/07  
30

## কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় : স্বপ্ন ও সম্ভাবনা শীর্ষক গোলটেবিল আলোচনা

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহের দরিবামপুরে স্থাপিত কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের ধরন কি এটা বড় বিষয় নয়, এটাকে সর্বোচ্চ মানের বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তুলতে পারলেই নজরুলকে সম্মান জানানো হবে। সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়ের ধারণা থেকে সবে গিয়ে পরে এটাকে সাধারণ একাডেমিক বিশ্ববিদ্যালয় হিসাবেই গড়ে তোলা হয়েছে। মঙ্গলবার 'কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়: স্বপ্ন ও সম্ভাবনা' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন মন্ত্রণা কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। এই বৈঠকের আয়োজন করেছিল মিনি ওয়ার্ল্ড, বাংলাদেশ।

সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. আনিসুল্লাহমান। মূল প্রবন্ধ পাঠ করেন কবি মুহম্মদ নূরুল হুদা। আরও বক্তৃতা করেন অধ্যাপক রাজীব হুমায়ূন, ডিকারুননিসার সাবেক অধ্যাপিকা হামিদা আলী, মিডিয়া ব্যক্তিত্ব মুহম্মদ ছাহাঙ্গীয, সাবেক সচিব সৈয়দ মার্ভাব মোশেদ, ড. মদুল কান্তি চক্রবর্তী, শিল্পী খালিদ হোসেন, শাহীন সামাদ, বায়রুল আনাম শাকিল, ইচ্ছাসমিন মুশতারী, শীলুফার বানু ও রুপু খান।

অধ্যাপক নজরুল ইসলাম আরও বলেন, নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি, তাঁকে সম্মান জানানো আমাদের সকলের কর্তব্য। তবে ভৌগোলিক বিবেচনায় এটাও ভেবে দেখা দরকার ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর এলাকায় কেন সাধারণ বিশ্ববিদ্যালয় নেই। সেই বিবেচনায় এই বিশ্ববিদ্যালয়কে একটি গতির তেতরে সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়। আটকে রাখা ঠিক হবে না। এই বিশ্ববিদ্যালয়েই নজরুল সেটার নামে একটি কনসার্ট তৈরি করে সেখানে বাংলা ভাষা, নজরুল সাহিত্য চর্চা, সঙ্গীত চর্চা, নজরুল গবেষণাগার ইত্যাদি গড়ে তোলা যায়। সরকারের মূল কনসেস্টে গ্রুমে এটাকে সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়ই তৈরির পরিকল্পনা ছিল। পরে বৃহত্তর খার্চের কথা চিন্তা করেই সাধারণ বিশ্ববিদ্যালয়ের আদলে গড়া হয়েছে। যাতে বেশি সংখ্যক ছাত্রছাত্রী পড়শোনা করতে পারে। তবে সাংস্কৃতিক ব্যক্তিত্বের দাবি অনুযায়ী তারা যদি

সিবিড আবেদন জানান তাহলে আমি আমার সাধ্যমতো চেষ্টা করব এর চরিত্র বদলানোর জন্য। তবে ব্যাপক পরিসরে এটা সাধারণ বিশ্ববিদ্যালয় পাকাই উঠবে। মূল প্রবন্ধে মুহম্মদ নূরুল হুদা উল্লেখ করেছেন নজরুল বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য, শিক্ষাদান পদ্ধতি, পাঠ্যক্রম বা কারিকুলাম ইত্যাদির সঙ্গে নজরুলের শিক্ষাদর্শনের মিল থাকে আবশ্যিক। সাহিত্য ও জ্ঞানবিজ্ঞানের যত বিষয়েই শত্রে বিভাগ এখানে থাক না কেন, নজরুল বিদ্যা এই বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফ্যাকাল্টি হিসাবে পরিগণিত হওয়া জরুরী। নজরুল বিদ্যার অন্তত তিনটি প্রধান শাখা জীবন, সাহিত্য ও সঙ্গীত থাকা অবশ্যই বাঞ্ছনীয়।